

যুগান্তর

প্রিন্ট: ১০ মে ২০২৬, ০২:৪২ পিএম

শিক্ষাঙ্গন

স্কুল-কলেজের চেয়ে বেশি ঈদের ছুটি মাদরাসায়

Advertisement



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০৯ মে ২০২৬, ১০:১০ এএম



ফাইল ছবি

আসন্ন ঈদুল আজহা উপলক্ষে সরকারি প্রতিষ্ঠানে মোট ৭ দিনের ছুটি ঘোষণা করা হয়েছে। গত বৃহস্পতিবার (৭ মে) রাতে মন্ত্রিপরিষদ বিভাগ এই ঘোষণা দেয়। সিদ্ধান্ত অনুযায়ী, ২৫ থেকে ৩১ মে পর্যন্ত ছুটি কার্যকর থাকবে।

তবে একটি বিশেষ বিষয় হলো, ২৩ মে (শনিবার)-এর সাপ্তাহিক ছুটি বাতিল করা হয়েছে। অর্থাৎ সেদিন সরকারি কর্মকর্তা-কর্মচারীদের স্বাভাবিক অফিস করতে হবে।

এই ঘোষণার পর থেকে শিক্ষাপ্রতিষ্ঠানের ছুটিতে কোনো পরিবর্তন আসছে কি না, এই প্রশ্ন সামাজিক মাধ্যমে আলোচনার কেন্দ্রে রয়েছে। তবে জানা যাচ্ছে, শিক্ষাপ্রতিষ্ঠানের ছুটিসূচিতে কোনো পরিবর্তন আনা হচ্ছে না।

২০২৬ সালের শিক্ষাপঞ্জি অনুযায়ী, গ্রীষ্মকালীন অবকাশ ও ঈদুল আজহার ছুটি মিলিয়ে স্কুল ও কলেজে ধারাবাহিকভাবে ১৬ দিনের ছুটি পাওয়া যাবে। প্রাথমিক, নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের ছুটি শুরু হবে ২৪ মে (রবিবার) এবং শেষ হবে ৪ জুন (বৃহস্পতিবার)।

ছুটির আগে ও পরের শুক্র-শনিবার যোগ হওয়ায় মোট বিরতি দাঁড়াচ্ছে ১৬ দিনে। কলেজে ঈদের মূল ছুটি ১২ দিন হলেও সাপ্তাহিক ছুটি মিলিয়ে একইভাবে ১৬ দিনের একটানা অবকাশ তৈরি হচ্ছে।

মাদরাসায় পরিস্থিতি আরও ভিন্ন। সেখানে গ্রীষ্মকালীন ও ঈদের ছুটি একসঙ্গে ২৪ মে শুরু হয়ে ১১ জুন পর্যন্ত চলবে। ছুটির আগের শুক্র ও শনিবার যোগ করলে মাদরাসার শিক্ষার্থীরা টানা ২১ দিনের অবকাশ উপভোগ করবে।